# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: কৃষি এবং আমাদের সংস্কৃতি | পাঠ ১:<br>পরিবার গঠনে কৃষি<br>পাঠ ২:<br>সমাজ গঠনে কৃষি<br>পাঠ ৩:<br>কৃষি ও কৃষকের উপর মানুষের নির্ভরশীলতা<br>পাঠ ৪:<br>কৃষি পরিবেশ, বাংলাদেশের ঋতুচক্র ও কৃষিজ উৎপাদন<br>পাঠ ৫:<br>কৃষিজ উৎপাদনে বৈচিত্র্য<br>পাঠ ৬:<br>উদ্যান ফসলের বৈচিত্র্য<br>পাঠ ৭:<br>কৃষিতে প্রানিজ উৎপাদনের বৈচিত্র্য<br>পাঠ ৮:<br>বাংলাদেশের কৃষি ও সংস্কৃতি | তাহিরপুর গ্রামের আদর্শ কৃষক রফিক তার বাড়িটি একটি আদর্শ খামারে পরিণত করেছেন। তিনি বাড়ির পাশের জমিতে ধান, গম চাষ করেন। বাড়িতে ফল, শাকসবজি, ভেষজ উদ্ভিদ ও কাঠাল গাছ রোপন করেছেন। পাশাপাশি তিনি পুকুরে মাছ চাষ, হাঁস-মুরগি পালন ও গরু-ছাগল লালন-পালন করেন।<br><br>তোমার দেখা এরূপ একজন কৃষক গ্রামের আর্থ সামাজিক উন্নয়নে কীভাবে ভূমিকা পালন করছেন।<br><br>নিচের প্রশ্নগুলোর আলোকে উত্তর দাও-<br><br>১। পরিবারের মৌলিক চাহিদা পূরণে তার ভূমিকা কী?<br><br>২। তার কার্যক্রম পরিবারের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে সহায়তা করতে পারে?<br><br>৩। তোমার গ্রামের অন্যান্য কৃষিজীবীদের স্বাবলম্বি করতে তিনি কীভাবে সহায়তা করতে পারবেন? | ১. এ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ২০২১ শিক্ষাবর্ষের কৃষি শিক্ষা পাঠ্য বই–এ প্রদত্ত প্রথম অধ্যায়ের পাঠ-১, ২ ও ৩ থেকে সহায়তা নেওয়া যেতে পারে<br><br>২. এছাড়াও বিষয় শিক্ষক, অভিভাবক, ইন্টারনেট ও কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নেওয়া যেতে পারে | **অতি উত্তম:**<br>১। সকল প্রশ্নের উত্তরের বিষয়বস্তু পরিপূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক হলেও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গতিপূর্ণ<br>৩। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। প্রশ্নের উত্তরের বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতির অভাব<br>৩। লেখার নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়:<br>১. গৃহ ব্যবস্থাপনার স্তর ও গৃহ সম্পদ | পাঠ: ১<br>গৃহ ব্যবস্থাপনার স্তর<br><br>পাঠ: ২<br>গৃহ সম্পদ<br><br>পাঠ: ৩<br>সম্পদের শ্রেণি বিভাগ<br><br>পাঠ: ৪<br>অর্থ, সময়, শক্তি<br><br>পাঠ: ৫<br>কাজ সহজকরণের কৌশল | বর্তমান কোভিড পরিস্থিতিতে বাড়ির বাইরে ও বিদ্যালয়ে যাওয়া তোমার পক্ষে সম্ভব হচ্ছেনা। এই পরিস্থিতিতে অবসর সময়ে আনন্দ পাওয়ার জন্য তুমি বাড়ির আঙিনায়/ ছাদে বাগান করার সুযোগ পেলে কী কী পদক্ষেপ গ্রহণ করবে তা নিচের ছক ও বিবেচ্যবিষয় অনুসরণ করে একটি ধারণাপত্র তৈরী করো।<br><br>বিবেচ্য বিষয়:<br>১। বাগানে তুমি কি কি গাছ লাগাতে চাও?<br>২। বাগান করতে তুমি কী কী সম্পদ ব্যবহার করবে?<br>৩। এ কাজের মাধ্যমে তুমি কীভাবে উপকৃত হবে বলে মনে করছো?<br><br><table><tr><td>ধাপ</td><td>করণীয় কাজ</td></tr><tr><td>১.পরিকল্পনা</td><td></td></tr><tr><td>২. সংগঠন</td><td></td></tr><tr><td>৩. নিয়ন্ত্রণ</td><td></td></tr><tr><td>৪. মূল্যায়ন</td><td></td></tr></table> | ১. গৃহ ব্যবস্থাপনার ধাপ জানতে পাঠ্যবই এর সহযোগিতা গ্রহণ করতে বলুন।<br><br>২. বাগানের প্রয়োজনীয় উপকরণ গৃহ থেকে সংগ্রহের নির্দেশনা প্রদান করুন<br><br>৩. বাগানের কাজে পরিবারের সদস্যদের সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করুন। | **অতি উত্তম:**<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**উত্তম:**<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**ভালো:**<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য আংশিক উপযুক্ত গাছ নির্বাচন করতে পারা<br>৪। লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। গৃহ ব্যবস্থাপনার স্তরগুলো আংশিক লিখতে পারা<br>২। স্তর উপলব্ধি করে আংশিক ধারাবাহিকভাবে কাজ করতে পারা<br>৩। বাগানের জন্য উপযুক্ত গাছ নির্বাচন করতে না পারা<br>৪। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৫। বানান ও বাক্য গঠন দূর্বল হওয়া |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়:<br><br>মূলদ ও অমূলদ সংখ্যা | ১. সংখ্যারবর্গ ও বর্গমূল<br>২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল<br>৩. সংখ্যার বর্গমূল নির্ণয়<br>৪. মূলদ ও অমূলদ সংখ্যা<br>৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান | ১. তুমি একটি তিন অঙ্কের পূর্ণ বর্গসংখ্যা লিখ এবং দুটি ভিন্ন পদ্ধতিতে সংখ্যাটির বর্গমূল নির্ণয় কর।<br><br>২. একটি সৈন্য দলকে ৯, ১২ ও ২০ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না। সৈন্য সংখ্যাকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা গুণ করলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে, তা নির্ণয় কর। | ১. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় করবে।<br><br>২. প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় করে, সারিতে সাজানো সৈন্য সংখ্যা বের করবে। প্রাপ্ত সৈন্য সংখ্যাকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে উৎপাদকের জোড়া তৈরির মাধ্যমে পূর্ণ বর্গসংখ্যা তৈরি করে সৈন্য সংখ্যা নির্ণয় করবে। | ১.<br>* বর্গসংখ্যা লিখন<br>* উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয়<br><br>২.<br>* সারিতে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয়<br>* বর্গাকারে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয় |